গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির (গ্রেড ১১ হতে গ্রেড ২০ পর্যন্ত) বিভিন্ন পদে কর্মচারী নিয়োগ পরীক্ষার নিমিত্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সেলিম রেজা, সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৬ জুন, ২০২১ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং- ৯৩০), রেলভবন, ঢাকা |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিববৃন্দ, যুগ্মসচিববৃন্দ, বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (আরএস/এমএন্ডসিপি), বিভাগীয় চিকিৎসা কর্মকর্তা (ঢাকা) এবং ইডেন মহিলা কলেজের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট- 'ক' সদয় দ্রষ্টব্য।

২। প্রারম্ভিক বক্তব্যঃ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। রেলপথ মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির (গ্রেড ১১ হতে গ্রেড ২০ পর্যন্ত) বিভিন্ন পদে কর্মচারী নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত অদ্যকার এ সভা আহ্বান করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। তিনি পরীক্ষায় দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের সততা, আন্তরিকতা এবং দক্ষতাকে কাজে লাগিয়ে দায়িত্বপালনের আহবান জানান। পরীক্ষার প্রশ্ন প্রণয়ন, মুদ্রণ বা ফটোকপি, লিখিত পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রস্তুতকরণ, ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রস্তুতকরণ এবং মৌখিক পরীক্ষা গ্রহণসহ সকল পর্যায়ে গোপনীয়তা ও নিরাপত্তার নীতি প্রয়োগ করে কাজ করতে তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চতকরণে তিনি নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের অনুরোধ জানান।

২.১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় সভায় জানান, রেলপথ মন্ত্রণালয়ের ৩য় শ্রেণির ৪টি ক্যাটাগরির ১১টি পদ এবং ৪র্থ শ্রেণির ২টি ক্যাটাগরির ১০টি পদসহ সর্বমোট ২১টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত গত ২২ মার্চ ২০২০ তারিখের ৫৪.০০.০০০০.০০৭.১১.০৭৬.১৭-১৬৮নং স্মারকমূলে পুন:নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। পুন:নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ ছিল গত ১৪ এপ্রিল ২০২০। সে মোতাবেক ৩য় শ্রেণির ৪টি ক্যাটাগরির মোট পরীক্ষার্থী ৭,৮৭৪ জন এবং ৪র্থ শ্রেণির ২টি ক্যাটাগরির ৯,৪৪২ জন আবেদন করেছেন। প্রাথমিকভাবে ইডেন মহিলা কলেজ, গার্হস্থ্য অর্থনীতি কলেজ এবং আজিমপুর সরকারি গার্লস কলেজে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করা হয়। আলোচনার ভিত্তিতে সম্মতিপ্রাপ্ত ইডেন মহিলা কলেজ ও গার্হস্থ্য অর্থনীতি কলেজ কর্তৃপক্ষ-কে পত্র দেয়া হয়; কিন্তু ১২ জুন ২০২১ তারিখে অন্য পরীক্ষা থাকায় রেলপথ মন্ত্রণালয়ের পরীক্ষা গ্রহণে গার্হস্থ্য অর্থনীতি কলেজ কর্তৃপক্ষ অপারগতা প্রকাশ করেন। ৩০ মে ২০২১ তারিখে ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ মহোদয়ের উপস্থিতিতে ইডেন মহিলা কলেজ কেন্দ্রে ১২ জুন ২০২১ তারিখ সকাল ১০:০০ হতে ১১:৩০ টা পর্যন্ত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ৫৭৭৮ জন এবং বিকাল ০৩:০০ হতে ০৪:৩০ টা পর্যন্ত সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর এবং ডাটা এন্ট্রি অপারেটর পদের ২০৯৬ জন পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে তিনি তাঁর প্রতিষ্ঠানে পরীক্ষা গ্রহণে সম্মতি প্রদান করেন। একইভাবে ৪র্থ শ্রেণির কর্মচারীদের পরীক্ষা ইডেন মহিলা কলেজ ও গার্হস্থ্য অর্থনীতি কলেজে ১৯ জুন ২০২১ তারিখে গ্রহণের বিষয়েও আলোচনা হয় এবং কর্তৃপক্ষ সম্মতি প্রদান করেন। রেলপথ মন্ত্রণালয়ের ৩য় শ্রেণির ৪টি ক্যাটাগরির ১১টি পদ এবং ৪র্থ শ্রেণির ২টি ক্যাটাগরির ১০টি পদসহ সর্বমোট ২১টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপঃ

| তারিখ ও সময় | ভেন্যু | পদের নাম | শূন্য পদের সংখ্যা | পরীক্ষার্থী সংখ্যা | পরীক্ষার মোট নম্বর |
|---|---|---|---|---|---|
| ১২.০৬.২০২১<br>সকাল ১০:০০ হতে ১১:৩০ টা পর্যন্ত | ইডেন মহিলা কলেজ | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪ | ৫৭৭৮ | ২৫ (বাং)+২৫ (ইং)+২০ (অং)+২০ (সা:জ্ঞা:)+১০(মৌ)=১০০ |
| ১২.০৬.২০২১<br>বিকাল ০৩:০০ হতে ০৪:৩০ টা পর্যন্ত | | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ২ | ৬৪৭ | ২৫ (বাং)+২৫ (ইং)+২০ (অং)+২০ (সা:জ্ঞা:)+১০(মৌ)=১০০ |
| | | কম্পিউটার অপারেটর | **৪** | ১০৫৪ | ২০ (বাং)+২০ (ইং)+২০ (অং)+৩০ (কম্পি:)+১০(মৌ)=১০০ |
| | | ডাটা এন্ট্রি অপারেটর | **১** | ৩৯৫ | ২০ (বাং)+২০ (ইং)+২০ (অং)+৩০ (কম্পি:)+১০(মৌ)=১০০ |
| | | মোট = | **১১** | ৭৮৭৪ | |
| ১৯.০৬.২০২১<br>সকাল ১০:০০ হতে ১১:৩০ টা পর্যন্ত | ইডেন মহিলা কলেজ ও গার্হস্থ অর্থনীতি কলেজ | ক্যাশ সরকার | **১** | ৪২৯ | ৩০ (বাং)+৩০ (ইং)+২০ (অং)+২০ (সা:জ্ঞা:)+১০(মৌ)=১১০ |
| | | অফিস সহায়ক | **৯** | ৯০১৩ | ১০(বাং)+১০(ইং)+১০ (অং)+১০(সা:জ্ঞা:)+১০(মৌ)=৫০ |
| | | মোট = | **১০** | ৯৪৪২ | |
| | | সর্বমোট = | **২১** | ১৭৩১৬ | |

২.২। রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) ও বিভাগীয় নির্বাচন কমিটির আহবায়ক সভায় জানান, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ বিধিমালা অনুসারে পরীক্ষাগুলো সম্পন্ন করা হবে। পরীক্ষা অনুষ্ঠানের তারিখে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীর সহযোগিতা নিয়ে নিবিঢ় তদারকির জন্য সচিব মহোদয়সহ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তাদের তিনি অনুরোধ জানান। তিনি বিভিন্ন পর্যায়ে দায়িত্ব পালনের নিমিত্ত কয়েকটি কমিটি গঠনের জন্যও অনুরোধ জানান। নির্ধারিত বাজেট অনুযায়ী ব্যয় নির্বাহ এবং ক্রয় সংশ্লিষ্ট বিল-ভাউচার সংরক্ষণে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। ইডেন মহিলা কলেজ, টেলিটকসহ অন্যান্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কর্মকান্ড পরিচালনা করা হচ্ছে বলেও তিনি জানান।

২.৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয় সভায় জানান, স্বাস্থ্যবিধি মেনে সার্বিক দায়িত্ব পালন এবং পরীক্ষার্থীসহ সকলে যেন তা মান্য করে চলে সে বিষয়ে ব্যবস্থা নিতে অনুরোধ জানান। তিনি যে সমস্ত জেলায় লকডাউন আছে অথবা আরোপ করা হবে, সে সকল জেলার প্রার্থীদের যাতায়াতে সহযোগিতা করতে মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসক-কে অনুরোধ করে পত্র প্রেরণেরও পরামর্শ দেন।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন, সহায়তা ও তত্ত্বাবধান |
|---|---|---|---|
| ১. | ভেন্যু নির্বাচন, সিট প্লান প্রণয়ন, ইন-ভিজিলেটর নিয়োগ বিষয়ে ভেন্যু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | ভেন্যু নির্বাচন, সিট প্লান প্রণয়ন, ইন-ভিজিলেটর নিয়োগ বিষয়ে ভেন্যু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ গ্রহণ করতে হবে। | **বাস্তবাবায়নঃ**<br>১। জনাব জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। জনাব মুহাম্মদ আব্দুস সালাম<br>উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়।<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন, সহায়তা ও তত্ত্বাবধান |
|---|---|---|---|
| ২. | প্রশ্নপত্র প্রণয়ন, মূদ্রণ, প্যাকেটজাত ও ট্র্যাংকে সংরক্ষণ | শতভাগ স্বচ্ছতার সাথে প্রশ্নপত্র প্রণয়ন, মূদ্রণ, প্যাকেটজাত ও ট্র্যাংকে সীলগালা করে সংরক্ষণ করতে হবে। | বাস্তবায়নঃ নির্বাচন কমিটি, যথা-<br>১। জনাব জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br><br>২। মাহমুদা আক্তার, উপসচিব, অর্থ বিভাগ<br>৩। ফারহানা হায়াত, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়<br>৪। পিএসসি-এর প্রতিনিধি<br>৫। জনাব মুহাম্মদ আব্দুস সালাম<br>উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়।<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। জনাব প্রনব কুমার ঘোষ<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব মুহাম্মদ মাহবুবুল হক<br>সচিবের একান্ত সচিব (উপসচিব)<br>রেলপথ মন্ত্রণালয় |
| ৩. | পরীক্ষা হলে প্রশ্নপত্র সরবরাহ, বিতরণ এবং পরীক্ষা শেষে উত্তরপত্র, প্রশ্নপত্র, পরীক্ষার্থীদের হাজিরা সিট, অব্যবহৃত প্রশ্ন ও উত্তরপত্র সংগ্রহ এবং সংরক্ষণ | (ক) পরীক্ষা হলে প্রশ্নপত্র সরবরাহ, বিতরণ এবং পরীক্ষা শেষে উত্তরপত্র, প্রশ্নপত্র, পরীক্ষার্থীদের হাজিরা সিট, অব্যবহৃত প্রশ্ন ও উত্তরপত্র সংগ্রহ এবং সংরক্ষণের জন্য ১২.০৬.২০২১ ও ১৯.০৬.২০২১ তারিখে ইডেন মহিলা কলেজ কেন্দ্রের জন্য জনাব মোঃ সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (বা: ও পরি:) এবং ১৯.০৬.২০২১ তারিখে গার্হস্থ্য অর্থনীতি কলেজ কেন্দ্রের জন্য ড. মো: খালেদ হোসেন, যুগ্মসচিব (উন্নয়ন-২), রেলপথ মন্ত্রণালয়-এর নেতৃত্বে ৩টি পৃথক কমিটি গঠন করতে হবে। | ১। নির্বাচন কমিটি<br>২। জনাব মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বা: ও পরি:), রেলপথ মন্ত্রণালয়<br>৩। ড. মো: খালেদ হোসেন<br>যুগ্মসচিব (উন্নয়ন-২), রেলপথ মন্ত্রণালয়<br>৪। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ ও গার্হস্থ্য অর্থনীতি কলেজ<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। জনাব প্রনব কুমার ঘোষ<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব এ কে এম আবদুল্লাহ আল বাকী<br>অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)<br>বাংলাদেশ রেলওয়ে |
| ৪. | উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল তৈরি, প্রকাশ এবং সংরক্ষণ | পরীক্ষার্থীদের উত্তরপত্র যথাযথভাবে মূল্যায়ন করে ফলাফল তৈরি, প্রকাশ এবং নিরাপত্তার সাথে সংরক্ষণ করতে হবে। | বাস্তবায়নঃ<br>১। নির্বাচন কমিটি<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব মোহাম্মদ মাহফুজ হোসেন<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়<br>৩। জনাব মাহফুজুর রহমান<br>সহকারী প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয় |

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন, সহায়তা ও তত্ত্বাবধান |
|---|---|---|---|
| ৫. | পরীক্ষাকেন্দ্রে স্বাস্থ্যবিধি প্রতিপালন ও চিকিৎসা সেবা | (ক) প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ প্রতিরোধকল্পে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষাকেন্দ্রে পরীক্ষার্থীদের প্রবেশ ও চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে;<br>(খ) পরীক্ষা কেন্দ্রে চিকিৎসা টীম জরুরি চিকিৎসা-সামগ্রীসহ হল কেন্দ্রে উপস্থিত থাকবেন। | বাস্তবায়নঃ<br>১। ডা. রিপন দাস<br>ডিএমও, ঢাকা, বাংলাদেশ রেলওয়ে<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। জনাব মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বা: ও পরি:), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব মঞ্জুর-উল-আলম চৌধুরী<br>অতিরিক্ত মহাপরিচালক (রোলিংস্টক)<br>বাংলাদেশ রেলওয়ে<br>৩। জনাব সাদরুল হক<br>পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে |
| ৬. | পরীক্ষা হল পরিদর্শন | (ক) নিয়োগ পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রেলপথ মন্ত্রণালয়ের সকল ১ম শ্রেণির কর্মকর্তাগণ পরীক্ষা হল পরিদর্শন করবেন;<br>(খ) পরীক্ষা কেন্দ্রে সহযোগিতার নিমিত্ত রেলপথ মন্ত্রণালয়ে কর্মরত সকল কর্মচারী আইডি কার্ডসহ কেন্দ্রে উপস্থিত হয় নির্দেশনা মোতাবেক দায়িত্ব পালন করবেন। | বাস্তবায়নঃ<br>১। জনাব মোঃ ফারুকুজ্জামান<br>অতিরিক্ত সচিব (আইন ও ভূমি)<br>২। জনাব মোহাম্মদ আতিকুর রহমান<br>মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব)<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। জনাব প্রনব কুমার ঘোষ<br>অতিরিক্ত সচিব (উন্ন: ও পরি:), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব এ কে এম আব্দুল্লাহ আল বাকী<br>অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)<br>বাংলাদেশ রেলওয়ে |
| ৭. | লিখিত (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষার প্রতিষ্ঠান নির্বাচন, তারিখ নির্ধারণ ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ | নির্বাচন কমিটি কর্তৃক লিখিত (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবহারিক পরীক্ষার প্রতিষ্ঠান নির্বাচন ও তারিখ নির্ধারণকরত: ব্যবহারিক পরীক্ষা যথাসময়ে সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নঃ<br>১। নির্বাচন কমিটি<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br>২। মীর আলমগীর হোসেন<br>উপসচিব (প্রশাসন-৪) রেলপথ মন্ত্রণালয়<br>৩। বেগম সুরাইয়া আখতার জাহান<br>উপসচিব (প্রশাসন-৫) রেলপথ মন্ত্রণালয়<br>৪। জনাব মোহাম্মদ মাহফুজ হোসেন<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়<br>৫। জনাব পল্লব কুমার সরকার<br>সহকারী প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয় |
| ৮. | মৌখিক পরীক্ষার তারিখ নির্ধারণ ও মৌখিক পরীক্ষা গ্রহণ | ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ নির্ধারণকরত: সুষ্ঠুভাবে মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নঃ<br>১। নির্বাচন কমিটি<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব মীর আলমগীর হোসেন<br>উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় |

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন, সহায়তা ও তত্ত্বাবধান |
|---|---|---|---|
| ৯. | প্রার্থী নির্বাচন, ফলাফল চূড়ান্তকরণ ও নিয়োগের জন্য সুপারিশ | (ক) ৩য় ও ৪র্থ শ্রেণির লিখিত (MCQ) ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীদের নির্বাচন, ফলাফল চূড়ান্তকরণ ও নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। | বাস্তবায়নঃ<br>১। নির্বাচন কমিটি<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br>২। মীর আলমগীর হোসেন<br>উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়<br>৩। বেগম সালমা পারভীন<br>উপসচিব (প্রশাসন-৩), রেলপথ মন্ত্রণালয় |
| ১০. | পরীক্ষা কেন্দ্রে খাবার বিতরণ ও লজিস্টিক সাপোর্ট প্রদান | ১২.০৬.২০২১ ও ১৯.০৬.২০২১ তারিখে অনুষ্ঠিত পরীক্ষায় পরীক্ষা কেন্দ্রে খাবার বিতরণসহ লজিস্টিক সাপোর্ট প্রদান করতে হবে। | বাস্তবায়নঃ<br>১। মীর আলমগীর হোসেন<br>উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়<br>২। সৈয়দ মোহাম্মদ আমীর উদ্দিন<br>এসপিএলও-৪, বাংলাদেশ রেলওয়ে<br>৩। বেগম ফারহানা সুলতানা<br>উপপরিচালক, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব আ.স.ম আশরাফুল আলম<br>উপসচিব (অডিট), রেলপথ মন্ত্রণালয়<br>৩। ড. সৈয়দা নওশীন পর্ণিনী<br>উপসচিব (অডিট), রেলপথ মন্ত্রণালয়<br>৪। জনাব পল্লব কুমার সরকার<br>সহকারী প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয় |
| ১১. | সম্মানী বিতরণ ও সমন্বয় বিষয়ক কার্যক্রম | নিয়োগ পরীক্ষার টাকা উত্তোলন, বিতরণ, সম্মানী প্রদান এবং যথাসময়ে সমন্বয়ের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নঃ<br>১। জনাব মোঃ মাঈনউদ্দীন সরকার<br>প্রশাসনিক কর্মকর্তা (প্রশা:-৪), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব কানাই চন্দ্র দাস<br>হিসাবরক্ষক, রেলপথ মন্ত্রণালয়<br>৩। জনাব মোঃ রমিজ উদ্দিন<br>ক্যাশিয়ার, রেলপথ মন্ত্রণালয়<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী<br>যুগ্মসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়<br>২। জনাব মোঃ সানোয়ার হোসেন<br>হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয় |
| ১২. | আরএনবি নিয়োগ ও সিসিটিভি স্থাপন | (ক) ১১-১৩ জুন ২০২১ এবং ১৮-২০ জুন ২০২১ তারিখসমূহে প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ, পরীক্ষার ফলাফল তৈরি এবং সংরক্ষণ এলাকা (কক্ষ নং- ৯৩০, রেলভবন) ২৪ ঘন্টা যথাযথ নিরাপত্তার ব্যবস্থা করতে হবে; | বাস্তবায়নঃ<br>১। জনাব ধীরেন্দ্র নাথ মজুমদার<br>মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>সহায়তা ও তত্ত্বাবধানঃ<br>১। জনাব মঞ্জুর-উল-আলম চৌধুরী<br>অতিরিক্ত মহাপরিচালক (রোলিংস্টক)<br>বাংলাদেশ রেলওয়ে |

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন, সহায়তা ও তত্ত্বাবধান |
|---|---|---|---|
| | | (খ) রেলভবনের ৯ম তলার লিফ্ট থেকে সভাকক্ষ (কক্ষ নং-৯৩০) পর্যন্ত সিসিটিভি ক্যামেরার আওতায় আনতে হবে। | ২। জনাব মোঃ জহিরুল ইসলাম<br>চীফ কমানডেন্ট (পূর্ব), রেলওয়ে নিরাপত্তা বাহিনী<br>৩। জনাব মোঃ সুমন<br>উপ-পরিদর্শক, রেলওয়ে নিরাপত্তা বাহিনী<br>রেলভবন, ঢাকা |
| ১৩. | বিবিধ | (ক) সরকার ঘোষিত লকডাউনে রেলপথ মন্ত্রণালয়ের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের যাতায়াতে সহযোগিতা দিতে সকল জেলা প্রশাসক এবং পুলিশ সুপার-কে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) ইনভিজিলেটর কর্তৃক পরীক্ষার্থীদের অবহিত করার জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত নির্দেশনা পরীক্ষা কেন্দ্রের অধ্যক্ষ বরাবর প্রেরণ করবেন। | বাস্তবায়নঃ<br>১। ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |

৪। শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দায়িত্ব পালনের পুন:আহ্বান জানিয়ে সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/৬/২০২১

(মোঃ সেলিম রেজা)
সচিব
রেলপথ মন্ত্রণালয়